

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd



স্মারকনং: ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৮.২২.০৫৬


তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৩
০৫ মার্চ ২০২৩

বিষয়: ‘ঐতিহাসিক ৭ই মার্চ দিবস’ ২০২৩ উদযাপন প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩০ তারিখ: ০৫ মার্চ ২০২৩খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ভাষণের তাৎপর্য তুলে ধরে ‘ঐতিহাসিক ৭ই মার্চ দিবস’ ২০২৩ এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসাসমূহকে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রম	কর্মসূচি
০১	‘ঐতিহাসিক ৭ই মার্চ দিবস’ ২০২৩ প্রভাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচারের ব্যবস্থাকরণ।
০৩	জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসাসমূহকে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে ‘ঐতিহাসিক ৭ই মার্চ দিবস’ উদযাপন।
০৪	শিক্ষার্থীদের নিয়ে উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চ-এর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও কুইজ প্রতিযোগিতা ইত্যাদির মধ্যে যেটি সুবিধাজনক তা আয়োজন (দাখিল পর্যায়ে ‘অসমাপ্ত আত্মজীবনী’ বইয়ের উপর কুইজ এবং আলিম, ফাজিল ও কামিল পর্যায়ে ‘কারাগারের রোজনামাচা’, ‘আমার দেখা নয়া চীন’ বইয়ের উপর কুইজ আয়োজন)


০৫/০৩/২০২৩
মোঃ জাকির হোসাইন
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ০৩। প্রকল্প পরিচালক.....(সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ০৪। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া
- ০৫। উপ-পরিচালক (প্রশাসন) (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ০৯। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান (সকল মাদ্রাসা)
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর


০৫/০৩/২০২৩
মোঃ শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৮